দৈনিক বাংলা



তারিখ 02 MAR 1986
পৃষ্ঠা 5 কলাম 7

02 MAR 1986

# জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি নীতি

(পূর্বে প্রকাশিতের পর)

গ। পদোন্নতির বেলায় শুধু চাকরিক্ষেত্রে জ্যেষ্ঠতাই নয়, অধিকন্তু নির্দিষ্ট সময়ের ব্যবধানে মূল্যায়নকৃত তাদের কৃতিত্বপূর্ণ সাফল্যের প্রতিও যথাযোগ্য স্বীকৃতিদান করা প্রয়োজন। এই উদ্দেশ্যে বিভিন্ন বৈজ্ঞানিক সংস্থার জন্য যথোপযুক্ত চাকরিবিধি প্রণয়ন করতে হবে।

ঘ। বিশিষ্ট বিজ্ঞানী ও প্রযুক্তিবিদগণকে নির্বাচনের ভিত্তিতে চাকরিতে 'ল্যাটারেল এন্ট্রি' বা সরাসরি নিয়োগের সুযোগ প্রদান করতে হবে।

ঙ। বিজ্ঞানিগণকে চিন্তার স্বাধীনতা এবং বিশ্ববিজ্ঞানী সমাজের সঙ্গে যোগাযোগের ব্যাপারে বিশেষ সুবিধা প্রদান করতে হবে।

চ। গবেষণার অবকাঠামো সৃষ্টির প্রাথমিক পদক্ষেপ হিসাবে উচ্চ দক্ষতাসম্পন্ন কারিগরি জনসম্পদ সৃষ্টি করতে হবে।

ছ। সমাজে যথোপযোগী ও সার্থক অবদান রাখা এবং বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা জনপ্রিয় করার কর্মসূচীতে অংশগ্রহণের জন্য বিজ্ঞান একাডেমী, সংস্থা ও সমিতিগুলিকে প্রয়োজনীয় সহায়তা দান করতে হবে।

জ। বৈজ্ঞানিক কর্মকর্তা ও কর্মচারিগণের অবাধ বিনিময় নিশ্চিত করার লক্ষ্যে বিশ্ববিদ্যালয় এবং গবেষণা ও উন্নয়ন সংস্থাসমূহের মধ্যে সমন্বয়, পারস্পরিক বিনিময় ও যথোপযুক্ত যোগসূত্র স্থাপন করতে হবে।

ঝ। স্বাধীনতাবোধ এবং গবেষণা ও উন্নয়ন প্রচেষ্টায় দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে ক্ষমতার যথোপযুক্ত বিকেন্দ্রীকরণের মাধ্যমে বিজ্ঞান সংস্থাসমূহকে সর্বোচ্চ স্বায়ত্তশাসন প্রদান করতে হবে।

ঞ। কৃতিত্বপূর্ণ সাফল্যের জন্য পুরস্কার ও জাতীয় স্বীকৃতির আকারে বিজ্ঞানী ও প্রযুক্তিবিদগণকে যথোপযুক্ত অনুপ্রেরণা দান করতে হবে।

বিজ্ঞান ও প্রযুক্তির জনপ্রিয়করণ এবং বিশেষত তরুণ সমাজের উদ্ভাবনী কর্মকাণ্ডে উৎসাহ প্রদানের মাধ্যমে দেশের বৃহত্তর জনসমাজে বিজ্ঞানসচেতনতা সৃষ্টি: এই লক্ষ্যে নিম্নলিখিত কার্যক্রম গৃহীত হবে:

ক। দেশের বৃহত্তর জনগোষ্ঠির প্রাত্যহিক জীবনযাত্রায় বৈজ্ঞানিক নীতিসমূহ প্রয়োগের অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে রেডিও, টেলিভিশন, সংবাদপত্র প্রভৃতি গণমাধ্যমের যথার্থ ব্যবহার এবং বিভিন্ন বিজ্ঞান সংস্থা/সমিতি ও বিজ্ঞান ক্লাবের মাধ্যমে বিজ্ঞান ও প্রযুক্তির জনপ্রিয়করণের জন্য দেশব্যাপী ব্যাপক কর্মসূচী গ্রহণ।

খ। বৈজ্ঞানিক নীতিসমূহ ও এগুলোর বাস্তব প্রয়োগ সম্পর্কে গণসচেতনতা বৃদ্ধির মাধ্যমে জনগণের সৃজনশীলতা ও আগ্রহকে উৎসাহ প্রদানের লক্ষ্যে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তিবিদ্যা যাদুঘরের উন্নয়ন সাধন এবং বৈজ্ঞানিক তথ্যসমূহের আলোকে নির্মিত প্রদর্শনীমূলক যন্ত্রপাতি ও অন্যান্য প্রকাশন মডেলসমূহের ভ্রাম্যমাণ প্রদর্শনীর ব্যবস্থা করা।

গ। ছাত্রদের মধ্যে বিজ্ঞান ও প্রযুক্তির প্রতি আগ্রহ সৃষ্টি, প্রাত্যহিক জীবনযাপনে বৈজ্ঞানিক তত্ত্ব প্রয়োগে তাদের উৎসাহিত করা এবং ভবিষ্যতে বিজ্ঞানী ও প্রযুক্তিবিদ হওয়ার জন্য তাদের অনুপ্রাণিত করার লক্ষ্যে বিজ্ঞানী ও প্রযুক্তিবিদগণের বক্তৃতা সফরের আয়োজন।

দেশজ প্রযুক্তির উন্নয়নে সমর্থ একটি জাতীয় সংস্থা প্রতিষ্ঠা এবং বিদেশী প্রযুক্তির উপযোগিতা নির্ধারণ, নির্বাচন, আত্মীকরণ ও অভিযোজন বিষয়ে জাতীয় যোগ্যতা অর্জন: এটা স্বীকৃত যে দেশের প্রযুক্তি নীতি জাতীয় জীবনের অন্যান্য বহু ক্ষেত্রের ধ্যানধারণা ও উন্নয়ন কল্পনায় প্রভাব বিস্তার করে, প্রযুক্তি নীতির মৌলিক উদ্দেশ্য হবে দেশজ প্রযুক্তির উন্নয়ন এবং বিদেশী প্রযুক্তির কার্যকর আত্মীকরণ। এই নীতির লক্ষ্য হবে নিম্নরূপ:

ক। জাতীয় পরিকল্পনার সহিত সমন্বয়ের জন্য একটি প্রযুক্তি পরিকল্পনা প্রণয়নে দিক নির্দেশ করা।

(ক্রমশ)